সংযুক্তি - অতিরিক্ত কার্যক্রম-৪ - বার্ষিক কর্ম-পরিকল্পনা ২০২৪-২০২৫

**বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড**

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

৪র্থ কোয়ার্টার

# জাতীয় শুদ্ধাচার কৌশল

**বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর ৪র্থ কোয়ার্টারের কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত নৈতিকতা কমিটির সভায় গৃহীত পরিকল্পনা-প্রতিবেদন।**

বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর **কর্মপরিকল্পনার বাহিরে গৃহীত অতিরিক্ত কার্যক্রম** হিসেবে নিম্নোক্ত কার্যক্রম সম্পাদন অন্তর্ভূক্ত আছে:

১। কোম্পানির প্রধান কার্যালয় কমপ্লেক্সের বিভিন্ন স্থানে ডাস্টবিন স্থাপন।

উপর্যুক্ত কার্যক্রম সম্পাদনের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে উপমহাব্যবস্থাপক (জনসংযোগ) কে মনোনীত করা হয়। উপমহাব্যবস্থাপক (জনসংযোগ) পলিথিন ও প্লাস্টিক বর্জ্যের পরিবেশ দূষণের ভয়াবহতা অনুধাবন করে **'পলিথিন ও প্লাস্টিক বর্জ্যে পরিবেশে দূষণ নয়'** – শীর্ষক একটি কর্মসূচী গ্রহণের লক্ষ্য নির্ধারণ করেন। উল্লেখ্য, কোম্পানির প্রধান কার্যালয় কমপ্লেক্সে অফিস ভবন, কর্মকর্তা আবাসন ও ডরমিটরি, কর্মচারী আবাসন ও ডরমিটরি, রেস্ট হাউজ এবং আনসার ব্যারাক রয়েছে। এ কমপ্লেক্সের বর্জ্য অপসারণের জন্য ডাস্টবিন রয়েছে এবং পৌরসভার পরিচ্ছন্ন কর্মীগণ নিয়মিত ডাস্টবিনে জমা হওয়া বর্জ্য অপসারণ করে। এ প্রেক্ষাপটে উপমহাব্যবস্থাপক (জনসংযোগ) এবং প্রধান কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে আলোচনাক্রমে **পলিথিন ও প্লাস্টিক বর্জ্য পরিবেশে অপসারণ রোধ করার** লক্ষ্যে প্রধান কার্যালয়ের বিভিন্ন স্থানে পাশাপাশি ২টি বিন স্থাপন করে একটিতে প্লস্টিক/পলিথিন বর্জ্য এবং অন্যটিতে জৈব/অন্যান্য বর্জ্য ফেলার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়।

জনসংযোগ বিভাগের মতবিনিময় সভায় উদ্যেগটির প্রশংসা করা হয়। এটিকে সফল করতে নিম্নোক্ত পদক্ষেপসমূহ গ্রহণে সকলে একমত হয়ঃ

| | |
|---|---|
| ক) | প্রতিটি নির্ধারিত স্থানে একটি কালো রঙের এবং একটি নীল রঙের মোট ২টি বিন পাশাপাশিভাবে স্থাপন করা হবে। কালো রঙের বিন-এ **'এখানে পলিথিন/প্লাস্টিক বর্জ্য ফেলুন'** এবং নীল রঙের বিন-এ **'এখানে জৈব/অন্যান্য বর্জ্য ফেলুন'** লেখা থাকবে। |
| খ) | অফিসার আবাসনের পিছন ও সমানের ভবন-সারির পূর্ব ও পশ্চিম প্রান্তে ২জোড়া করে মোট ৪ জোড়া, অফিসার্স ক্লাব ও ডরমিটরি ভবন স্থানে ১ জোড়া, অফিস ভবন স্থানে ১ জোড়া, কর্মচারী আবাসনে প্রতি সারিতে পূর্ব-পশ্চিমে ২ জোড়া করে ৩ সারিতে মোট ৬ জোড়া এবং কর্মচারী ডরমিটরি ও ক্লাব স্থানে ১ জোড়া হিসেবে সর্বমোট ১৩ জোড়া বিন স্থাপন করা হবে। |
| গ) | ১৩ জোড়া নীল রংয়ের বিন থেকে জৈব/অন্যান্য বর্জ্য সার্ভিসেস বিভাগের নিয়োজিত পরিচ্ছন্ন কর্মী/নৈমিত্তিক শ্রমিক ট্রলি ভ্যানের মাধ্যমে কমপ্লেক্সের স্থায়ী ডাস্টবিনে নিয়ে ফেলবে। ডাস্টবিনগুলো যথারীতি পৌরসভার পরিচ্ছন্ন কর্মীগণ ক্লিন করবে। |
| ঘ) | ১৩ জোড়া কালো রঙ্গের বিন থেকে প্লাস্টিক/পলিথিন বর্জ্য ভাংগারি সংগ্রাহকদের মাধ্যমে ভাংগারী ব্যবসায় প্রতিষ্ঠানে বিনামূল্যে সরবরাহ করা হবে। বিষয়টি কোম্পানির সার্ভিসেস বিভাগ সমন্বয় করবে। |
| ঙ) | একটি দিন নির্ধারণ করে **'পলিথিন/প্লাস্টিক বর্জ্যে পরিবেশ দূষণ নয়'** – শীর্ষক একটি প্রচার ও সচেতনতামূলক অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে কার্যক্রমটির শুভ উদ্বোধন করা হবে। |

**কার্যসম্পাদন ও প্রাক্কলিত ব্যয়:**

উপর্যুক্ত আলোকে প্রধান কার্যালয় কমপ্লেক্সে স্থাপনের জন্য সর্বমোট ১৩ জোড়া বা ২৬ টি বিন ক্রয়ে আনুমানিক আনুমানিক ১,০০,০০০/- (এক লক্ষ মাত্র) এবং **'পলিথিন/প্লাস্টিক বর্জ্যে পরিবেশ দূষণ নয়'**–শীর্ষক প্রচার ও সচেতনতামূলক অনুষ্ঠান আয়োজন বাবদ আনুমানিক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার মাত্র) টাকা হিসেবে সর্বমোট ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার মাত্র) টাকা ব্যয় হবে। তবে, বাজেট স্বল্পতার জন্য চলতি অর্থবছরে ১ জোড়া দৃষ্টিনন্দন ও মানসম্পন্ন বিন ক্রয় এবং পরবর্তী অর্থবছরের অন্যান্য কার্যক্রম সম্পাদনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এতদসংক্রান্ত ব্যয় জনসংযোগ বিভাগের বিবিধ খাত (এনআইএস ও অন্যান্য) নম্বর ৯১১৮৫০০০০০/৮১০৩-এ হতে নির্বাহ করা হবে। চলতি অর্থবছরে ১ জোড়া বিন ঢাকাস্থ স্বনামধন্য বিন সরবরাহকারী প্রতিষ্ঠান হতে স্পট কোটেশন সংগ্রহ পদ্ধতিতে বিন ক্রয়ের সিদ্ধান্ত হয়।

**নমুনা :**

ক্রয়তব্য বিনের স্যাম্পল নিম্নরূপ :




27.05.2025

(জেসমিন আক্তার)

উপমহাব্যবস্থাপক (জনসংযোগ)

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা


USE ME
USE ME
INGCO

